গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.niyd.gov.bd

**বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরে কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| সভার তারিখ | : | ৩১/১০/২০২৪ খ্রি. |
| বার ও সময় | : | বৃহস্পতিবার ও দুপুর ০২:৩০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৪-২০২৫ অর্থ বছরে কর্ম-পরিবেশ উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটির সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতি কর্ম-পরিবেশ উন্নয়ন কমিটির সদস্য সচিব জনাব শারমিন আক্তার, সহকারী পরিচালক (প্রশাসন)- কে গত ২০২৩-২০২৪ অর্থ বছরের সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী | কোনে সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০২ | সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক(প্রশাসন) |
| ০৩ | ডেঙ্গু প্রতিরোধে ইনস্টিটিউট চত্বর, হোস্টেল প্রাঙ্গণ ও আবাসিক কমপ্লেক্সের পরিষ্কার-পরিচ্ছন্নতা | ১. ডেঙ্গু প্রতিরোধে প্রশাসনিক কাম একাডেমিক ভবন, হোস্টেলসমূহ, আবাসিক ভবন সমূহের ড্রেন ও আগাছা সপ্তাহে একদিন পরিস্কার করা এবং জীবানুণাশক স্প্রে করার ব্যবস্থা গ্রহণ করা।<br>২. প্রশিক্ষনার্থীদের মাধ্যমে সপ্তাহে একদিন ক্যাম্পাসের পরিস্কার পরিছন্নতার কার্যক্রম পরিচালনা করা।<br>৩। প্রশাসনিক ভবন, একাডেমিক ভবন, হোস্টেলসমূহ (টয়লেটসহ), অভ্যন্তরীণ রাস্তা ও মাঠের ঘাস নিয়মিত পরিস্কার করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন)<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ)<br>সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ০৫ | ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান | পোষাক খাতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ৪র্থ শ্রেণির কর্মচারীদের যথা শীঘ্র দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন)<br>সহকারী পরিচালক (অর্থ) |
| ০৬ | অকেজো মালামাল নিস্পত্তিকরণ | প্রতিটি ভবনের সরেজমিনে পরিদর্শন করে ব্যবহার অযোগ্য মালামালের তালিকা তৈরী করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৭ | হোস্টেলের ফ্রিজ ও পানির ফিল্টার সচল | হোস্টেলের ডিপ ফ্রিজ ও পানির ফিল্টার সচল রাখার জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে | সহকারী পরিচালক (প্রশাসন) |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | হবে। | |
| ০৮ | অফিস সহায়কদের রুম/টি-রুমে ফ্যানের প্রদান | অফিস সহায়কদের রুম/টি-রুমে একটি ফ্যান স্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৯ | ক্লাসরুম গুলোতে ডিজিটাল ঘড়ি ও ফিক্সড প্রজেক্টর স্থাপনের ব্যবস্থা | জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১০ | সম্মেলন কক্ষের দরজা ও জানালা মেরামত | জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১১ | ইনস্টিটিউটের ল্যাপটপ মেরামত | ইনস্টিটিউটের ২৫টি অর্ধসচল ল্যাপটপ মোরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১০/২০২৪

নাহিয়ান আহমেদ
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
আহবায়ক, কর্ম পরিবেশ উন্নয়ন কমিটি
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৭৯.২৩- ১৬৯৭

তারিখঃ৩১.১০.২০২৪ খ্রি:

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ</u>

০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। জনাব ........................................................, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয় সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

৩১।১০।২০২৪

শারমিন আক্তার
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।